

সীমিত

বাংলাদেশ কোস্ট গার্ড এর সাফল্য - জুন ২০২২

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড জুন ২০২২ মাসে সর্বমোট টাকা ২৫৯,৯৪,৬০,৩৪২/০০ (টাকা দুইশত উনষাট কোটি চুরানকই লক্ষ ষাট হাজার তিনশত বিয়াল্লিশ মাত্র) মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** জুন ২০২২ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ০১ কোটি ৪০ লক্ষ ৫৩ হাজার ৭৩৯ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
<b>চোরাচালান পণ্য</b>			
১।	ডিজেল/অকটেন	২,১৪০ লিটার	১,৬২,৮০০/০০
২।	লোহা/স্ক্রুপ	৪০০ কেজি	১৬,০০০/০০
৩।	বার্থিং হাউজার	৩,৫৫০ মিটার	২৩,৪০,০০০/০০
৫।	কীকড়া	৫০০ কেজি	২,০০,০০০/০০
৬।	মোবাইল	১২ টি	১৩,৫০০/০০
৭।	ডেজার/বান্ধহেড	০২ টি	-
৮।	ট্রাক	০১ টি	১০,০০,০০০/০০
৯।	বোট	০৭ টি	৯,৪০,০০০/০০
১০।	নগদ টাকা	-	৩২,৯৩০/০০
১১।	অন্যান্য মিশ্রিত পণ্য	-	৩৩,৯৭,৯৭৭/০০
<b>মোট</b>			<b>৮১,০৩,২০৭/০০</b>
<b>অস্ত্র উদ্ধার</b>			
১।	অস্ত্র	০৫ টি	-
২।	তাজা গোলা	০৮ রাউন্ডস	-
৩।	ব্ল্যাংক কার্টিজ	০১ রাউন্ডস	-
৪।	রামদা/ছুরি	০২ টি	-
<b>মৎস্য সম্পদ</b>			
১।	কারেন্ট জাল	৬,০৭,১৭,৫০০ মিটার	২১২,৫১,১২,৫০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	১,০২,৮০২ টি	৪,৪৪,৬৩,১০০/০০
৩।	চরঘেরা ও অন্যান্য জাল	৪০,৫২,৪৯,১০০ মিটার	৩৭,১৭,৯৯,০০০/০০
৪।	জাটকা	৮,৫১০ কেজি	১৬,৫৪,০০০/০০
৫।	বিভিন্ন প্রকার পোনা	১,০৮,৫৭,২৬৫ পিস	৪,২০,০৮,০০৩/০০
৬।	বোট	০৯ টি	৩,৭০,০০০/০০
<b>মোট</b>			<b>২৫৮,৫৪,০৬,৬০৩/০০</b>
<b>মাদকদ্রব্য</b>			
১।	ইয়াবা	১৭,১৮৭ পিস	৫১,৫৬,১০০/০০
২।	গাঁজা	৩,০০০ গ্রাম	১,২০,০০০/০০
৩।	বিয়ার	১৯১ ক্যান/বোতল	১,০৯,৭০০/০০
৪।	বিদেশী/দেশীয় মদ	২১ লিটার	৩১,৫০০/০০
৫।	পাতার বিড়ি	২,৫৩,২৩২ শলাকা	৫,৩৩,২৩২/০০
৬।	মোটর সাইকেল	০১ টি	-
৭।	মোবাইল	০৪টি	-
<b>মোট</b>			<b>৫৯,৫০,৫৩২/০০</b>
<b>পরিবেশ রক্ষা</b>			
১।	হরিণের চামড়া	০৫ টি	-
<b>আটককৃত জনবল</b>			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	২৫ জন	-
<b>সর্বমোট</b>			<b>২৫৯.৯৪.৬০.৩৪২/০০</b>

## সীমিত

- (৩) **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** জুন ২০২২ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক মৎস্য সম্পদ রক্ষা অভিযানে টাকা ২৫৮,৫৪,০৬,৬০৩/০০ (টাকা দুইশত আটান্ন কোটি চুয়ান্ন লক্ষ ছয় হাজার ছয়শত তিন মাত্র) মূল্যের অবৈধ জাল ও জাটকা আটক করা হয়।
- (৪) **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** জুন ২০২২ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ১৭,১৮৭ পিস ইয়াবা, ১৯১ ক্যান বিয়ার, ২১ লিটার বিদেশী মদ ও ০৩ কেজি গাঁজা আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।
- (৫) **ডাকাত/বনদস্যুতা দমন, অবৈধ অস্ত্র ও রামদা এবং বাংলা দা উদ্ধার।** জুন ২০২২ মাসে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা ০৫ টি অস্ত্র, ০৮ রাউন্ডস তাজা গোলা, ০১ রাউন্ডস ব্ল্যাংক কার্টিজ, ০২ টি রামদা/ছুরি এবং ২৫ জন ডাকাত/বনদস্যু/মাদক ব্যবসায়ী অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তিদের আটক করা হয়।
- (৬) **সিলেট ও সুনামগঞ্জ অঞ্চলে বন্যাদুর্গতদের মাঝে ত্রাণ বিতরণ এবং পানিবন্দিদের উদ্ধার ও সার্বিক সহায়তা প্রদান।** বন্যা কবলিত সিলেট ও সুনামগঞ্জ অঞ্চলে বন্যা পরিস্থিতি মোকাবেলায় স্থানীয় প্রশাসনকে সহায়তা প্রদানের লক্ষ্যে গত ১৮ জুন ২০২২ হতে বাংলাদেশ কোস্ট গার্ড এর ১১টি বোট ও জনবল মোতায়েন করা হয়। এপ্রেক্ষিতে কোস্ট গার্ড সদর দপ্তরস্থ অপস রুমে মনিটরিং সেল চালু করা হয়। এরই ধারাবাহিকতায় বন্যা কবলিত সিলেট ও সুনামগঞ্জে পানিবন্দিদের উদ্ধার ও সার্বিক সহায়তা প্রদানের পাশাপাশি ত্রাণসামগ্রী বিতরণ করা হয়। এছাড়াও গত ২৬ জুন ২০২২ বাংলাদেশ কোস্ট গার্ড এর মাননীয় মহাপরিচালক বন্যা কবলিত এলাকায় সিলেট ও সুনামগঞ্জে উপস্থিত থেকে পানিবন্দিদের মাঝে ত্রাণ বিতরণ করেন। সিলেট ও সুনামগঞ্জে বন্যা কবলিত ক্ষতিগ্রস্ত এলাকায় বোটের মাধ্যমে বন্যাদুর্গতদের মাঝে বিনামূল্যে চিকিৎসা সেবা, ঔষধ ও ত্রাণ বিতরণসহ বিভিন্ন ধরনের কার্যক্রম অব্যাহত রয়েছে।